

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩০

১٥. िक ठातूल जाना रेय विवः जाना यात পूर्वा भत अशिष्ठ ित या (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) भित एक ते जा जाना या यनु भत कता उत्त अला तित राज्य का जाना या अभित कित का जाना या अभित का अभ

আরবী

3030 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَطِيَّةَ عَنْ جَدَّتِهِ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: لَمَّا عَثْمَانَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَطِيَّةَ عَنْ جَدَّتِهِ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: لَمَّا قَدَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم المدينة جَمَعَ نِسَاءَ الْأَنْصَارِ فِي بَيْتِ فَأَرْسَلَ إِلَيْنَا عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَامَ عَلَى الْبَابِ فَسلَّم عَلَيْنَا فَرَدَدْنَا عَلَيْهِ السَّلَامَ ثُمَّ قَالَ: أَنَا رَسُولُ رَسُولُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْكُنَّ قَالَتْ: فَقُلْنَا مَرْحَبًا بِرَسُولِ اللَّهِ وبِرَسُولِ رَسُولِ رَسُولِ رَسُولِ رَسُولِ الله صلى الله عليه وسلم فقال: تُبَايِعْنَنِي عَلَى أَنْ لَا تُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا وَلَا تَزْنِينِ وَلَا الله صلى الله عليه وسلم فقال: تُبَايِعْنَنِي عَلَى أَنْ لَا تُشْرِكْنَ بِاللَّهِ شَيْئًا وَلَا تَزْنِينِ وَلَا تَسْرِقَنَ ... ؟ , الْآيَةُ قَالَتْ: فَقُلْنَا: نَعَمْ قَالَتْ: فَمدَّ يَدَهُ مِنْ خَارِجِ الْبَيْتِ وَمَدَدْنَا أَيْدِينَا مِنْ وَلا مَرْجَ أَلْبَيْتِ وَمَدَدْنَا أَيْدِينَا مِنْ قَالَتْ: وَأَمْرَنَا بِالْعِيدِ وَأَنْ نُخْرِجَ فِيهِ الْحَيَّضَ والعُتَّق وَلَاتًا: وَلَا اللَّهُمُّ اللهُ هَلَ قَالَتْ: وَأَمْرَنَا بِالْعِيدِ وَأَنْ نُخْرِجَ فِيهِ الْحَيَّضَ والعُتَّق وَلَا وَلَهُ مَلَا وَنَهَانَا عَن اتِبَاعِ الْجَنَازَةِ.

قَالَ إِسْمَاعِيلُ: فَسَأَلْتُ جَدَّتِي عَنْ قَوْلِهِ: {وَلَا يَعْصِينَكَ فِي مَعْرُوفٍ} [الممتحنة: 12] قالت: نهانا عن النياحة

الراوي: أُمّ عَطِيَّةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3030 ا خلاصة حكم المحدث: حسن ـ والأمر بإخراج الحُيَّض في ((الصحيحين)) ـ ((حجاب المرأة)) (25 ـ 26).

বাংলা

৩০৩০. উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন



মদীনায় আগমন করেন, তখন তিনি আনসারী নারীদের এক বাড়িতে একত্রিত করেন। অতঃপর তিনি আমাদের কাছে উমার বিন খান্তাব রাদ্বিয়াল্লাহু আনহুকে পাঠান। তিনি দরজার উপর দাঁড়িয়ে আমাদের সালাম দেন। আমরা তাঁর সালামের জবাব দেই। তারপর তিনি বলেন, "আমি তোমাদের প্রতি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বার্তাবাহক।" রাবী বলেন, "আমরা বললাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর বার্তাবাহককে স্বাগতম।" তিনি বললেন, "তোমরা কি আমার কাছে এই মর্মে বাইয়াত গ্রহণ করবে যে, তোমরা আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না, ব্যভিচার করবে না, চুরি করবে না…। -সূরা মুমতাহিনাহ: ১২)?" রাবী বলেন, আমরা বললাম, "জ্বী, হ্যাঁ।" রাবী বলেন, "তারপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু ঘরের বাহির থেকে হাত বাড়িয়ে দেন আর আমরাও ঘরের ভিতর থেকে হাত বাড়িয়ে দেই। তারপর তিনি বলেন, "হে আল্লাহ, আপনি সাক্ষিয় থাকুন।"

রাবী বলেন, "তিনি আমাদেরকে ঈদের সালাত আদায় করার, ঈদে ঋতুবতী ও যুবতীদের বের হওয়ার জন্য নির্দেশ দেন। আমাদের উপর কোন জুম'আহ নেই এবং তিনি আমাদেরকে জানাযার অনুসরণ করতে নিষেধ করেন।"[1]

ইসমাঈল রহিমাহুল্লাহ বলেন, "অতঃপর আমি আমার দাদীকে এই বক্তব্য সম্পর্কে জিজ্ঞেস করলাম, "আর তারা সৎ কাজে আপনার অবাধ্যচারণ করবে না। -সূরা মুমতাহিনাহ: ১২), আমার দাদী জবাবে বলেন, "তিনি আমাদেরকে কারো মৃত্যুতে বিলাপ করতে নিষেধ করেছেন।"

ফুটনোট

[1] তাবারানী: ২৫/৮৫; আবূ দাউদ: ১১৩৯; মুসনাদ আহমাদ: ৫/৮৫; আবূ ইয়ালা: ২২৬; সুনান বাইহাকী: ৩/১৮৪; মাজমাউয যাওয়াইদ: ৬/৩৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহ্লাহ হাদীসটির ব্যাপারে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহ্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (হিজাবুল মার'আহ: ২৫-২৬)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন